সাক্ষ্য ও বিচারিক কার্যক্রম (তথ্য প্রযুক্তির ব্যবহার) আইন,২০১৭ এর প্রাথমিক খসড়া সবার মতামত প্রদানের জন্য প্রকাশ করা হলো। নিম্নের ইমেলে মতামত প্রেরণ করতে অনুরোধ করা হলো।

মুখ্য গবেষণা কর্মকর্তা
cro@lc.gov.bd
azimfowzul@yahoo.com

Frist Draft: 04 June 2017

সাক্ষ্য ও বিচারিক কার্যক্রম (তথ্য প্রযুক্তির ব্যবহার) আইন, ২০১৭

বাংলাদেশের বিচার কার্যক্রম পরিচালনায় তথ্য প্রযুক্তির ব্যবহার এবং সংশ্লিষ্ট বিষয়ে বিধান করিবার নিমিত্ত প্রণীত আইন

যেহেতু আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহার দ্বারা সাক্ষ্য গ্রহণসহ অন্যান্য বিচারিক কার্যক্রম সহজীকরণ কল্পে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দারা নিম্নরূপ আইন করা হইল:-

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

সংক্ষিপ্ত শিরোনাম ও	১। (১) এই আইন সাক্ষ্য ও বিচারিক কার্যক্রম (তথ্য প্রযুক্তির ব্যবহার) আইন,২০১৭ নামে অভিহিত হইবে;
কার্যকর হইবার তারিখ	(২) এই আইন........ ২০১৭ তারিখ হইতে বলবৎ হইবে;
প্রয়োগের সীমানা	(৩) ইহা সমগ্র বাংলাদেশে প্রযোজ্য হইবে;
সংরক্ষণ	(৪) এই আইনে বিধৃত কোন কিছুই :

i. The Evidence Act, 1872 (Act No. I of 1872),
ii. Code of Criminal Procedure, 1898, (Act NO. V of 1898),
iii. Code of Civil Procedure, 1908 (Act No. V of 1908),
iv. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন,২০০৬ (২০০৬ সনের ৩৯ নং আইন)
v. Criminal Rules and Order,
vi. Civil Rules and Order,
vii. The Bengal Jail Code

সমূহকে প্রভাবিত করিবে না, বরং পরিপূরক (Complementary) মর্মে গণ্য হইবে।

সংজ্ঞাসমূহ

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

(১) **'দৃশ্যমান উপস্থিতি'** (Virtual Presence) অর্থ কোন আদালতে ইলেকট্রনিক মাধ্যমে তথা অডিও ভিডিও কনফারেন্স এর মাধ্যমে বিচারিক কার্যক্রমে অংশগ্রহণ;

(২) **'ব্যক্তিগত উপস্থিতি'** (Physical Presence) অর্থ কোন আদালতে ব্যক্তিগত বা শারীরিকভাবে সরাসরি উপস্থিতির মাধ্যমে বিচারিক কার্যক্রমে অংশগ্রহণ;

(৩) **'মামলা বা মোকদ্দমা'** (Suit or Case) অর্থ দেওয়ানি,ফৌজদারিসহ সকল প্রকার বিচারিক কার্যধারা;

(৪) '**ইলেকট্রনিক রেকর্ড**(Electronic Records)' অর্থ কোন তথ্য,উপাত্ত, উপাত্ত হইতে প্রস্তুতকৃত ছায়ালিপি (Photocopy or Print out) যাহা কোন ইলেকট্রনিক বিন্যাস, মাইক্রোফিল্ম বা

কম্পিউটারে বা অন্য কোন ইলেকট্রনিক মাধ্যমে সংরক্ষিত, গৃহীত বা প্রেরিত হইয়াছে ;

(৫) '**দলিল** (Documents)' অর্থ The Evidence Act, 1872 (Act No. I of 1872), (সাক্ষ্য আইন ১৮৭২) (১৮৭২ এর ১ নং আইন) এ বর্ণিত দলিলাদিসহ ইলেকট্রনিক উপায়ে প্রস্তুতকৃত তথ্য,উপাত্ত, উপাত্ত হইতে ছায়ালিপি ইত্যাদি ;

(৬) '**ডিজিটাল সাক্ষ্য** (Digital Evidence)' অর্থ অডিও ভিডিও কনফারেন্সসহ বিভিন্ন প্রকার ইলেকট্রনিক উপায়ে গৃহীত বা প্রদত্ত সাক্ষ্য;

(৭) '**ভিডিও কনফারেন্স / টেলি কনফারেন্স** (Video Conference/ Tele Conference)' অর্থ আদালত কক্ষ হইতে দূরতম কোন স্থানে অবস্থানরত মামলা মোকদ্দমার কোন পক্ষ, সাক্ষী, অভিযুক্ত ব্যক্তি, আইনজীবী, বিশেষজ্ঞ এবং মামলার সংশ্লিষ্ট প্রযোজনীয় কোন ব্যক্তির তথ্যপ্রযুক্তি ব্যবহারের মাধ্যমে (Visual Presence) অডিও ভিজ্যুয়াল সংযোগের মাধ্যমে বিচার কার্যক্রমে অংশগ্রহণ;

(৮) '**অডিও ভিজ্যুয়াল সংযোগ** (Audio Visual Link)' অর্থ আদালত কক্ষের সহিত দূরবর্তী স্থানে অবস্থানরত মামলার কোন পক্ষ, সাক্ষী, অভিযুক্ত ব্যক্তি, আইনজীবী, বিশেষজ্ঞ এবং মামলার সংশ্লিষ্ট প্রযোজনীয় ব্যক্তির সহিত তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে স্থাপিত সংযোগ;

(৯) '**আদালত প্রান্ত** (Court Point)' অর্থ সংশ্লিষ্ট বিচারিক আদালত যেখানে সাক্ষ্যগ্রহণসহ যাবতীয় বিচারিক কার্যক্রম চলমান আছে;

(১০) '**দূরবর্তী প্রান্ত** (Remote Point)' অর্থ অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে মামলার কোন পক্ষ, সাক্ষী, অভিযুক্ত ব্যক্তি, আইনজীবী, বিশেষজ্ঞ এবং মামলার সংশ্লিষ্ট প্রযোজনীয় কোন ব্যক্তি যে

স্থানে উপস্থিত থাকিয়া সংশ্লিষ্ট আদালত কক্ষে চলমান কোন বিচারিক কার্যক্রমে অংশগ্রহণ করে;

(১১) **‘কর্তৃপক্ষ (Authority)’** অর্থ কারা কর্তৃপক্ষসহ সকল সরকারী বেসরকারী কর্তৃপক্ষ;

(১২) **‘ইলেকট্রনিক** (Electronic)**’** অর্থ ইলেকট্রিকাল , ডিজিটাল, ম্যাগনেটিক, তারহীন, অপটিক্যাল, ইলেকট্রোম্যাগনেটিক সক্ষমতা রহিয়াছে এইরূপ কোন প্রযুক্তি;

(১৩) **‘ইলেকট্রনিক উপাত্ত বিনিময়** (Electronic Data Inter-Change) ’ অর্থ তথ্য সংগঠিত করিবার উদ্দেশ্যে একটি তথ্য প্রস্তুত করিবার স্বীকৃত মানদন্ড অনুযায়ী একটি উপাত্ত এক কম্পিউটার হইতে অন্য কম্পিউটারে ইলেক্ট্রনিক উপায়ে স্থানান্তর করা;

(১৪) **‘ইলেকট্রনিক বিন্যাস** (Electronic Form) ’ অর্থ কোন তথ্যের ক্ষেত্রে কোন মিডিয়া, ম্যাগনেটিক, তারহীন, অপটিক্যাল, কম্পিউটার স্মৃতি, মাইক্রোফিল্ম, কম্পিউটারে প্রস্তুতকৃত মাইক্রোচিপ বা অনুরূপ অন্য যে কোন যন্ত্র বা কৌশলের মাধ্যমে কোন তথ্য সংরক্ষণ বা প্রস্তুত,আদান ও প্রদান করা;

(১৫) **‘উপাত্ত** (Data) ’ অর্থ যেকোন তথ্য, জ্ঞান, ঘটনা, ধারনা বা নির্দেশাবলী যাহা কম্পিউটার প্রিন্ট আউট, ম্যাগনেটিক বা অপটিক্যাল স্টোরেজ মিডিয়া, পাঞ্চকার্ড, পাঞ্চ টেপসহ যে কোন আকারে বা বিন্যাসে আনুষ্ঠানিক পদ্ধতিতে প্রস্তুতকৃত, প্রক্রিয়াজাতকৃত এবং সংরক্ষণকৃত;

(১৬) **‘উপাত্ত বার্তা** (Data Message) ’ অর্থ ইলেকট্রনিক ,অপটিক্যালসহ যেকোন উপাত্ত বিনিময়, ইলেকট্রনিক বার্তা, টেলিগ্রাম, টেলেক্স , টেলিকপি, খুদেবার্তা (SMS) বা অনুরূপ কোন পদ্ধতিতে প্রস্তুতকৃত, প্রক্রিয়াজাতকৃত, প্রেরিত, গৃহীত এবং সংরক্ষিত তথ্য;

(১৭) '**কম্পিউটার** (Computer) ' অর্থ যে কোন ইলেকট্রিক , ম্যাগনেটিক, অপটিক্যাল বা দ্রুতগতির তথ্য প্রক্রিয়াকরণ যন্ত্র বা সিস্টেম যাহা ইলেকট্রিকাল , ম্যাগনেটিকাল এবং অপটিক্যাল ইমপালস ব্যবহার করিয়া যৌক্তিক, গাণিতিক এবং স্মৃতি সংরক্ষণ কার্যক্রম সম্পন্ন করিয়া থাকে এবং কোন কম্পিউটার সিস্টেম বা কম্পিউটার নেটওয়ার্ক এর সহিত সংযুক্ত এবং যাহাতে সকল ইনপুট, আউটপুট, প্রক্রিয়াকরণ, সঞ্চিতি, কম্পিউটার সফটওয়ার বা যোগাযোগ সুবিধার অর্ন্তভূক্ত।

আইনের প্রাধান্য

৩। আপাতত বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী কার্যকর হইবে।

আইনের অতিরাষ্ট্রিক প্রয়োগ (Extra Territorial)

৪। যদি এই আইনের অধীনে বাংলাদেশের বাহিরে অবস্থানরত কোন ব্যক্তির সাক্ষ্য বা সংশ্লিষ্ট কোন কার্যক্রম পরিচালন করা হয়, সেইক্ষেত্রে উক্তব্যক্তির এইরূপ দৃশ্যমান উপস্থিতি (Virtual Presence) বাংলাদেশে অবস্থিত আদালত কক্ষে ব্যক্তিগত তাহার উপস্থিতির (Physical Presence) অনুরূপ মর্মে গন্য হইবে।

দ্বিতীয় অধ্যায়

অডিও, ভিডিও সংযোগের মাধ্যমে সাক্ষ্যগ্রহণ

দরখাস্ত

৫। যে কোন আদালত বিশেষ ক্ষেত্রে মামলার সংশ্লিষ্ট পক্ষ,সাক্ষী, অভিযুক্ত ব্যক্তি, আইনজীবী, বিশেষজ্ঞ অথবা কর্তৃপক্ষের আবেদনের প্রেক্ষিতে অডিও, ভিডিও সংযোগের মাধ্যমে তাহার উপস্থিতি অথবা সাক্ষ্য গ্রহণের নির্দেশ প্রদান করিতে পারিবেন ;

শর্ত থাকে যে, উক্ত দরখাস্ত মামলার কোন পক্ষ অথবা সাক্ষী বা তাহাদের প্রতিনিধির মাধ্যমে সংশ্লিষ্ট উপস্থিতি অথবা সাক্ষ্য গ্রহণের

১৫ (পনের) দিন বা যুক্তিগ্রাহ্য সংক্ষিপ্ত সময়ের পূর্বে করিতে হইবে এবং দরখাস্তে অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে উপস্থিতি অথবা সাক্ষ্য গ্রহণের সুনির্দিষ্ট কারণ উল্লেখসহ সংশ্লিস্ট সকল পক্ষের টেলিফোন নম্বর, ইমেইল আইডি ও তাহাদের সনাক্তকরণের সুবিধার্থে জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত তথ্যাদিসহ উল্লেখ করিতে হইবে;

তবে শর্ত থাকে যে, বিশেষ ক্ষেত্রে আদালতের অনুমতি সাপেক্ষে তাহারা পাসপোর্ট, জন্ম নিবন্ধন, ড্রাইভিং লাইসেন্স অথবা স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র সংযুক্ত করিয়াও আবেদন করিতে পারিবে; এবং

আরো শর্ত থাকে যে, হাজতে আটক অভিযুক্ত বা সাক্ষীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষ কিংবা কারা কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে পারিবে।

প্রয়োজনীয়তা যাচাই

৬। আদালত অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীর উপস্থিতি অথবা সাক্ষ্য গ্রহণের নির্দেশ তখনই প্রদান করিবে, যখন আদালত এইমর্মে নিশ্চিত হইবে যে-

ক.উক্ত উপস্থিতি অথবা সাক্ষ্য গ্রহণ ন্যায় বিচারের স্বার্থে আবশ্যক,

খ. তাহা যৌক্তিকরূপে পালনযোগ্য,

গ. সংশ্লিষ্ট সকল পক্ষকে অবগত করা হইয়াছে,

ঘ. ইহাতে সকল পক্ষ সম্মত রহিয়াছে।

আদালতের বিশেষ এখতিয়ার

৭। কোন মোকদ্দমায় বিশেষ ক্ষেত্রে আদালত স্বঃপ্রণোদিত হইয়া অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে সকল পক্ষকে নোটিশ প্রদান সাপেক্ষে অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীর উপস্থিতি অথবা সাক্ষ্য গ্রহণের নির্দেশ প্রদান করিতে পারিবে ।

ফি নির্ধারন

৮। অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীর উপস্থিতি অথবা সাক্ষ্যগ্রহণের জন্য আদালত দরখাস্তকারী পক্ষের প্রতি সরকার কর্তৃক নির্ধারিত ফি দাখিল করিবার নির্দেশ প্রদান করিবে।

দূরবর্তী প্রান্তের অডিও,ভিডিও সংযোগের বাধ্যবাধকতা

৯। দূরবর্তী প্রান্তে অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীর উপস্থিতি অথবা সাক্ষ্যগ্রহণের জন্য আদালত কর্তৃক নির্ধারিত স্থানটি অবশ্যই অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে উপস্থিতি অথবা সাক্ষ্যগ্রহণের জন্য প্রয়োজনীয় সুবিধা সম্পন্ন হইতে হইবে।

দূরবর্তী প্রান্ত আদালতের অংশ

১০। দূরবর্তী প্রান্ত সংশ্লিষ্ট আদালতের অংশ হিসেবে গণ্য হইবে এবং দূরবর্তীপ্রান্তে সংঘটিত যে কোন কার্যক্রম যথা: শপথভঙ্গ, আদালত অবমাননা আইনের যে কোন ধরণের ব্যত্যয় ইত্যাদি সংশ্লিষ্ট আদালত কক্ষে সংঘটিত হইয়াছে মর্মে গন্য হইবে।

তৃতীয় অধ্যায়

অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে দলিলাদি প্রমাণ

প্রমাণের নিয়ম

১১. (১) আদালত কোন মোকদ্দমায় অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীর উপস্থিতি অথবা সাক্ষ্য গ্রহণের সময় দলিলাদি প্রমাণের ক্ষেত্রে আদালত প্রান্তের দলিলাদি দূরবর্তী প্রান্তে উপস্থিত অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীর নিকট উপস্থাপন করিবে;

(২) উপধারা (১) অনুযায়ী উপস্থাপিত যে কোন দলিলই আদালত কর্তৃক প্রত্যয়িত দলিল বলিয়া গণ্য হইবে।

চতুর্থ অধ্যায়

অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে সাক্ষ্যগ্রহণের তারিখ নির্ধারণ ও অভিযুক্ত ব্যক্তির বিশেষ অধিকার

তারিখ ও সময় নির্ধারণ ১২। কোন মোকদ্দমায় অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীর উপস্থিতি অথবা সাক্ষ্য গ্রহণের তারিখ ও সময় সংশ্লিষ্ট আদালত কর্তৃক নির্ধারিত হইবে ।

অভিযুক্তের ব্যক্তির বিশেষ প্রাধিকার ১৩। কোন মোকদ্দমায় অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীর উপস্থিতি অথবা সাক্ষ্য গ্রহণের সময় দূরবর্তী প্রান্তে উপস্থিত অভিযুক্ত ব্যক্তিকে তাহার নিয়োজিত আইনজীবীর সহিত গোপনীয় পরামর্শের ও গৃহীত সাক্ষ্য প্রত্যক্ষ করিবার সুযোগ প্রদান করিতে হইবে।

পঞ্চম অধ্যায়

অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে আইনজীবীর আদালত কার্যক্রমে অংশ গ্রহণ

আইনজীবীর আদালত কার্যক্রমে অংশগ্রহণ ১৪। বাংলাদেশে কর্মরত যে কোন আইনজীবী অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে আদালত প্রান্ত ও দূরবর্তী প্রান্ত সংশ্লিষ্ট বিচারিক কার্যক্রমে অংশগ্রহণ করিতে পারিবেন।

ষষ্ঠ অধ্যায়

অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে আদালত কার্যক্রমে অংশ গ্রহণকারী ব্যক্তির সনাক্তকরণ এবং শপথ গ্রহণ

সনাক্তকরণ ১৫। অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে আদালত কার্যক্রমে অংশ গ্রহণকারী অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীকে অত্র আইনের ৫ ধারায় উল্লিখিত দরখাস্তের একটি কপিসহ দূরবর্তী প্রান্তে আদালত কর্তৃক নির্ধারিত সময়ে ব্যক্তিগত উপস্থিতি নিশ্চিত করিতে হইবে।

শপথ গ্রহণ ১৬। অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে সাক্ষ্যগ্রহণের সময় দূরবর্তী প্রান্তে উপস্থিত অভিযুক্ত ব্যক্তি বা সাক্ষীকে উক্তস্থান হইতে

অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে আদালত প্রান্তে সংশ্লিষ্ট বিচারক কর্তৃক শপথ পাঠ করাইতে হইবে ।

সপ্তম অধ্যায়

আদালত,কারাগার ও অন্যান্য প্রতিষ্ঠানে তথ্য প্রযুক্তির সুবিধা স্থাপন

তথ্য প্রযুক্তি সুবিধা স্থাপন ও রক্ষণাবেক্ষণ

১৭। অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীর উপস্থিতি অথবা সাক্ষ্য গ্রহণের জন্য আদালত প্রান্ত ও দূরবর্তী প্রান্তে অবশ্যই প্রয়োজনীয় তথ্য প্রযুক্তি সুবিধা স্থাপন ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা থাকিবে, যাহাতে-

ক. আদালত প্রান্তে উপস্থিত প্রত্যেক ব্যক্তি দূরবর্তী প্রান্তে উপস্থিত অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীকে দেখিতে, শুনিতে ও আদালতের সম্মতি সাপেক্ষে যোগাযোগে সক্ষম হয়;

খ. দূরবর্তী প্রান্তে উপস্থিত অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষী আদালত প্রান্তে উপস্থিত প্রত্যেক ব্যক্তিকে দেখিতে, শুনিতে ও আদালতের সম্মতি সাপেক্ষে যোগাযোগে সক্ষম হয়।

তথ্য প্রযুক্তি সুবিধার পরিদর্শন ও প্রত্যয়ন

১৮. অডিও,ভিডিও সংযোগের মাধ্যমে অভিযুক্ত ব্যক্তি অথবা সাক্ষীর উপস্থিতি অথবা সাক্ষ্য গ্রহণের পূর্বে অবশ্যই আদালত প্রান্ত ও দূরবর্তী প্রান্তে স্থাপিত তথ্য প্রযুক্তি সুবিধা সচল ও কার্যকর নিশ্চিত রহিয়াছে মর্মে সংশ্লিষ্ট আদালত নিশ্চিত হইবে।

অষ্টম অধ্যায়

বিবিধ

ইংরেজিতে অনূদিত পাঠ

১৯।(১) এই আইন প্রবর্তনের পর সরকার, গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, আইনটির ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য অনুমোদিত পাঠ প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।